



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি (অভিনন্দন বার্তা)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ একাডেমি অব সায়েন্সের স্বর্ণপদক অর্জন করায় অধ্যাপক ড. মো. শাহাদাত হোসেন ও অধ্যাপক ড. মো. এনামুল হককে উপাচার্যের অভিনন্দন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৩ জুলাই ২০২৪।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মো. শাহাদাত হোসেন এবং রসায়ন বিভাগের অধ্যাপক ড. মো. এনামুল হক বাংলাদেশ একাডেমি অব সায়েন্সের স্বর্ণপদক (২০২৩) অর্জন করায় উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম তাঁদেরকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন।

আজ এক অভিনন্দন বার্তায় উপাচার্য বলেন, অধ্যাপক ড. মো. শাহাদাত হোসেন ও অধ্যাপক ড. মো. এনামুল হক এ স্বর্ণপদক অর্জনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আনন্দিত। এই পদক তাঁদেরকে বিজ্ঞান বিষয়ে শিক্ষা ও গবেষণায় আরও বেশি অবদান রাখতে উৎসাহিত ও অনুপ্রাণিত করবে। উপাচার্য তাঁর অভিনন্দন বার্তায় অধ্যাপক ড. মো. শাহাদাত হোসেন ও অধ্যাপক ড. মো. এনামুল হকের অব্যাহত সাফল্য ও দীর্ঘ কর্মময় জীবন কামনা করেন।

অধ্যাপক শাহাদাত হোসেন জীববিজ্ঞান বিষয়ে এবং অধ্যাপক এনামুল হক ভৌত বিজ্ঞান বিষয়ে শিক্ষা ও গবেষণায় তাৎপর্যপূর্ণ অবদানের জন্য সিনিয়র গ্রুপে এই পদক অর্জন করেন। উল্লেখ্য যে, অধ্যাপক শাহাদাত হোসেন ২০২১ সালে এবং অধ্যাপক এনামুল হক ২৪ জুন, ২০২৪ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ একাডেমি অব সায়েন্সের কাউন্সিল সভায় সম্মানিত ফেলো নির্বাচিত হয়েছেন।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

